"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন : ৯৫৩৪২৫৫
ফ্যাক্স: (+৮৮০২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা-৩২/২০০৭/৫৪২

তারিখ: ২০শ্রাবণ ১৪২৯ / ০৪আগস্ট ২০২২

(একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত)

# পরিপত্র

বিষয়: **২০২২-২৩ অর্থ বছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ ও জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে ০৩ জুলাই ২০২২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১ ও ০৭.০০.০০০০.১১১.০১.০০১.২০২২-৩৩৫ সংখ্যক স্মারকের পরিপত্র এবং শিক্ষা মন্ত্রণালয়ের গত ২১ জুলাই ২০২২ তারিখের ৩৭.০০.০০০০.০৬১.১৮.০৫৩.১৭-৯৩ সংখ্যক স্মারকের পত্রের প্রেক্ষিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

সিদ্ধান্ত-১ : আগামী ১৬ আগস্ট ২০২২ তারিখ মঙ্গলবার থেকে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রতি সপ্তাহের মঙ্গলবার একদিন Online ক্লাস হবে। এদিন শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দের পরিবহন সুবিধা বন্ধ থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-২ : বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে বিদ্যুৎ ব্যবহার সঠিক হচ্ছে কি না তা তদারকি করার জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান এবং দপ্তর প্রধানগণের নেতৃত্বে মনিটরিং কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান এবং দপ্তর প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সিদ্ধান্ত-৩ : জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিবহনসমূহ যে স্থান থেকে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আনার জন্য যাত্রা শুরু করবে সে স্থানে গাড়ী রাখার ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরিবহন প্রশাসক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সিদ্ধান্ত-৪ : শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় আপ্যায়ন ব্যয় বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৫ : প্রশিক্ষণ ও টিএ/ডিএ-এর ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৬ : জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইনস্টিটিউট ও বিভাগের নবীনবরণ ও অন্যান্য অনুষ্ঠান কেন্দ্রীয় অডিটোরিয়ামে না করে নিজ নিজ ইনস্টিটিউট ও বিভাগে করা; তবে শুধুমাত্র অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় সীমিত এসি চালিয়ে (২৬ ডিগ্রী সে. এর নীচে নয়) অডিটোরিয়াম ব্যবহার করা যাবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৭ : জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন বাজেট ও নিজস্ব তহবিলের আওতায় সকল ধরণের প্রকল্পের কমিটির সভায় সম্মানী বাবদ কোনো অর্থ ব্যয় করা যাবে না।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

৭/৮/২২
(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার

সংযুক্তি: উল্লেখিত পরিপত্রসমূহ সংযুক্ত করা হলো এবং তদনুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

Scanned with CamScanner

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

রেজিস্ট্রার দপ্তর
**জগন্নাথ বিশ্ববিদ্যালয়**
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন : ৯৫৩৪৫৭৭
ফ্যাক্স: (+৮৮০২) ৪৭১১৮৪৪৯

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯ / ০৪ আগস্ট ২০২২

জবি/প্রশা-৩২/২০০৭/৫৪২

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১-৬. ডীন, সকল অনুষদ, জবি;
৭-৮. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট/আধুনিক ভাষা ইনস্টিটিউট, জবি;
৯-৪৪. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪৫. গ্রন্থাগারিক, কেন্দ্রীয় গ্রন্থাগার, জবি;
৪৬. প্রভোস্ট, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, জবি;
৪৭. প্রক্টর, জবি;
৪৮-৪৯. সভাপতি/সাধারণ সম্পাদক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, জবি;
৫০-৫৬. পরিচালক {গবেষণা/ছাত্র কল্যাণ/অর্থ ও হিসাব/পওও/আইসিটি সেল(ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)/ পিআরআইপি (বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)/IQAC}, জবি;
৫৭. পরীক্ষা নিয়ন্ত্রক, জবি;
৫৮. প্রধান প্রকৌশলী, প্রকৌশল দপ্তর, জবি;
৫৯. পরিবহন প্রশাসক, পরিবহন পুল, জবি;
৬০-৬২. গ্রুপ সম্পাদক (রোভার স্কাউট)/ব্যাটালিয়ন অধিনায়ক (বিএনসিসি)/রেঞ্জার গাইডার (রেঞ্জার ইউনিট), জবি;
৬৩. পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬৪. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬৫. সেল প্রধান, অডিট সেল, জবি;
৬৬-৬৭. সভাপতি/সাধারণ সম্পাদক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতি, জবি;
৬৮. উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তা, মেডিকেল সেন্টার, জবি;
৬৯. উপ-পরিচালক (শারীরিক শিক্ষা), শরীরচর্চা শিক্ষা কেন্দ্র, জবি;
৭০. সহকারী রেজিস্ট্রার, নিরাপত্তা শাখা, রেজিস্ট্রার দপ্তর, জবি;
৭১. সহকারী রেজিস্ট্রার, ব্যক্তিগত শাখা, রেজিস্ট্রার দপ্তর, জবি (রেজিস্ট্রার দপ্তরে কর্মরত সকলকে অবহিত করণের জন্য);
৭২. পেশ ইমাম-কাম-খতিব, কেন্দ্রীয় জামে মসজিদ, জবি;
৭৩-৭৪. সভাপতি/সাধারণ সম্পাদক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সকল ক্রিয়াশীল সংগঠন, জবি;
৭৫-৮০. সভাপতি/সাধারণ সম্পাদক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদিক সমিতি/প্রেসক্লাব/রিপোর্টার্স ইউনিটি, জবি;
৮১-৮২. সভাপতি/সাধারণ সম্পাদক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি, জবি;
৮৩-৮৪. সভাপতি/সাধারণ সম্পাদক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সহায়ক কর্মচারী কল্যাণ সমিতি, জবি;
৮৫-৮৭. নোটিশ বোর্ড/অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

০৭/০৮/2022
(মোহাম্মদ মশিরুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)।

Scanned with CamScanner

(একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত)

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯ / ০৩ জুলাই ২০২২

# পরিপত্র

বিষয়ঃ **২০২২-২৩ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ।**

বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্র সাধনের লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

(ক) নতুন/প্রতিস্থাপক হিসেবে সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') বন্ধ থাকবে;

(খ) শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় '৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়', '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়', '৩২৫৫১০৫-অন্যান্য মনিহারি', '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', '৪১১২৩০৩-বৈদ্যুতিক সরঞ্জামাদি' ও '৪১১২৩১৪-আসবাবপত্র' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(গ) দেশের অভ্যন্তরে প্রশিক্ষণের ক্ষেত্রে '৩২৩১৩০১-প্রশিক্ষণ' খাতে (প্রশিক্ষণ প্রতিষ্ঠান ব্যতীত) বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে; এবং

(ঘ) উপরের (ক), (খ) ও (গ)-এ বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে পুনঃউপযোজন করা যাবে না।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

৩.৭.২০২২

(মোহাম্মদ আনিসুজ্জামান)
উপসচিব
☎ ৯৫১৪১৪৬
ই-মেইলঃ anism321@finance.gov.bd

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব, ......................................., মন্ত্রণালয়/বিভাগ
৫. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ
৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৮. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট-১১ শাখা
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১১১.০১.০০১.২০২২- ৩৮১৫

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯
০৩ জুলাই ২০২২

## পরিপত্র

বিষয়: **উন্নয়ন প্রকল্পের বিভিন্ন কমিটির সম্মানী বাবদ ব্যয় স্থগিতকরণ।**

বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ সাধনের লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রায়ত্ত, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠানের উন্নয়ন বাজেট ও নিজস্ব তহবিলের আওতায় বাস্তবায়নাধীন সকল প্রকার প্রকল্প/কর্মসূচি/স্কীমসমূহের ক্ষেত্রে '৩২৫৭২০৬-সম্মানী' অর্থনৈতিক কোডের বরাদ্দ থেকে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি), প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি), বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি), বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি (এসপিইসি) এবং বিভাগীয় বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিএসপিইসি) সভায় সম্মানী বাবদ কোনো অর্থ ব্যয় করা যাবে না।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

০৩/৭/২২

(মোহাম্মদ জাকির হোসেন)
উপসচিব
ফোন: ২২৩৩৮৭২০৩
email: zakirlee@finance.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা / প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ।
৪। সদস্য, ............................................................ বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, বাংলাদেশ, সেগুন বাগিচা, ঢাকা
৭। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, আব্দুল গনি রোড, ঢাকা।
৮। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক (সকল সংস্থা)............................................................
৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল), ............................................................ মন্ত্রণালয়/বিভাগ।
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১২। অফিস কপি।

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
www.shed.gov.bd.

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১৮.০৫৩.১৭-৯৩

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪২৯ / ২১ জুলাই ২০২২

বিষয়: **জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয় প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চলমান পরিস্থিতি বিবেচনায় বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ের নিমিত্ত এ বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১) সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহকে ২৫% বিদ্যুৎ ব্যবহার কমাতে হবে এবং স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান তা নিশ্চিত করবেন। এ সংক্রান্ত একটি সারণী প্রতিবেদন প্রতি মাসের ১ম সপ্তাহে এ বিভাগে প্রেরণ করতে হবে;

২) গাড়ীর জ্বালানি সংক্রান্ত মাসিক প্রাপ্যতা বিদ্যমান সিলিং হতে ২০% হ্রাস করতে হবে;

৩) যে সকল সভা/অনুষ্ঠান অনলাইনে/ভার্চুয়ালি করা সম্ভব সে সকল সভা/অনুষ্ঠানে সশরীরে আয়োজন পরিহার করতে হবে;

৪) প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণের এয়ার কন্ডিশনারের (AC) তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াস নির্ধারণ করতে হবে।

০২। উল্লেখিত নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানির ব্যবহার সঠিকভাবে করা হচ্ছে কিনা তা তদারকি করার জন্য মনিটরিং টিম গঠন করতে হবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২১/০৭/২০২২

(সাইফুর রহমান খান)
উপসচিব
ফোন : ৯৫৪৯১৩০
ইমেইল: sas_admin1@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ঢাকা।
২) চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ৫১ ৫২, গ্রীন ডেল্টা এইমস টাওয়ার (১১ তলা), মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২।
৩) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
৪) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
৫) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৬) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭) ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
৮) প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৯) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
১০) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী, ঢাকা।
১১) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।

Scanned with CamScanner